



ব্র্যাক ইউনিভার্সিটি ক্যারিয়ার গড়ার শিক্ষা

১২ ও ১৩ নভেম্বর ব্র্যাক ইউনিভার্সিটির অফিস অব ক্যারিয়ার সার্ভিসেস অ্যান্ড অ্যালামনাই রিলেশনস আয়োজন করেছিল ‘ক্যারিয়ার ফেয়ার ২০১৮’। বিশ্ববিদ্যালয়ের পুরোনো শিক্ষার্থী ও কর্পোরেট পেশাজীবীদের সঙ্গে বর্তমান ছাত্রছাত্রীদের একটি যোগসূত্র তৈরি করে দেওয়াই ছিল এই আয়োজনের উদ্দেশ্য। ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এস এন কৈরী প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানের উদ্বোধন করেন। এ ছাড়া বিভিন্ন সফল প্রতিষ্ঠানের প্রধান নির্বাহীরা এই আয়োজনে অংশ নিয়েছেন, বর্তুর্বা নিয়েছেন শিক্ষার্থীদের উদ্দেশ্যে।